# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৮৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিনায় যে সালাত আদায় করেছিলেন, সেখানে তাঁর সামনে সুতরা ছিল, আর গাধীটা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সামনে দিয়ে ঘাস চরে খাচ্ছিল

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ صَلَاةَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمِنًى كَانَتِ السُّتْرَةُ قُدَّامَهُ حَيْثُ كَانَ الْأَتَانُ تَرْتَعُ قُدَّامَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

---

আরবী

2387 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ قَالَ: حَدَّثَنَا عَوْنِ بْنِ أَبِي جُحَيْفَةَ عَنْ أَبِيهِ قَالَ: أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ بِالْأَبْطَحِ فِي قُبَّةٍ لَهُ حَمْرَاءَ مِنْ أَدَمٍ قَالَ: فَخَرَجَ بِلَالٌ بِوَضُوئِهِ فَبَيْنَ نَائِلٍ وَنَاضِحٍ قَالَ: فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَيْهِ حُلَّةٌ حَمْرَاءُ كَأَنِّي أَنْظُرُ إِلَى بَيَاضِ سَاقَيْهِ قَالَ: فتوضأ وأذَّن بلال فجعل يتبع فاه ها هنا وها هنا يَقُولُ ـ يَمِينًا وَشِمَالًا ـ: حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الْفَلَاحِ ثُمَّ رُكِزَتْ لَهُ عَنَزَةٌ فَقَامَ فَصَلَّى الْعَصْرَ رَكْعَتَيْنِ يَمُرُّ بَيْنَ يَدَيْهِ الْحِمَارُ وَالْكَلْبُ لَا يَمْنَعُ ثُمَّ لَمْ يَزَلْ يُصَلِّي ركعتين حتى رجع إلى المدينة.
الراوي : أَبُو جُحَيْفَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2387 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (533 و 689).

বাংলা

২৩৮৭. আবূ জুহাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসি, এসময় তিনি বাতহা নামক স্থানে লাল বর্ণের চামড়ার একটি তাবূতে ছিলেন। রাবী বলেন, “বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওযূর পানি বের করে আনেন। অতঃপর

লোকদের মাঝে কেউ পানি পায়, কেউ ছিটে-ফোটা সামান্য কিছু পায়, এমনকি ছোট কোন ব্যক্তি লোকদের বগলের নিচ দিয়ে হাত ঢুকিয়ে সেই পানি নেয়।

তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লাল বর্ণের দুটি জামা পরিধান করে বের হন, আমি যেন এখনও তার তাঁর পায়ের নলার শুভ্রতা দেখতে পাচ্ছি। রাবী বলেন, “অতঃপর তিনি ওযূ করেন। আর বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু এসে আযান দেন এবং তিনি তার মুখকে এদিক-ওদিক ফিরাচ্ছিলেন। রাবী বলেন, “অর্থাৎ حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الْفَلَاحِ বলার সময় মুখ ডানে-বামে মুখ ফিরাচ্ছিলেন।

তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সামনে একটি বর্শা গেড়ে দেওয়া হয়, অতঃপর তিনি আসরের দুই রাকা‘আত সালাত আদায় করেন। তার সামনে দিয়ে গাধা, কুকুর অতিক্রম করতে থাকে; সেসবকে কোন রকম বাধা দেওয়া হয়নি। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনা ফিরে আসা পর্যন্ত দুই রাকা‘আত দুই রাকা‘আত করে সালাত পড়তে থাকেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩০৮; সহীহ আল বুখারী: ৩৭৬; সহীহ মুসলিম: ৫০৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৩৫; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৬৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৩১৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৭৭; আত তায়ালিসী: ১/৮৮; আবূ দাঊদ: ৬৮৮; নাসাঈ: ২/৭৩; সুনান বাইহাকী: ২/২৭০ দারেমী: ১/৩১৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ জুহাইফাহ (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91709

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন